

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, কুড়িগ্রাম।
(রাজস্ব শাখা)
www.kurigram.gov.bd

বিষয়: জুলাই ২০২৪ মাসে অনুষ্ঠিত “সমগ্র দেশে শহর ও ইউনিয়ন ভূমি অফিস নির্মাণ প্রকল্প” এর আওতায় ইউনিয়ন ভূমি অফিস নির্মাণ কাজের জেলা মনিটরিং কমিটির সভার কার্যবিবরণী।

সভাপতি : উত্তম কুমার রায়
জেলা প্রশাসক (রুটিন দায়িত্ব), কুড়িগ্রাম।
সভার তারিখ : ২৮ জুলাই, ২০২৪ খ্রি।
সভার সময় : সকাল ১০.৩০ টা।
সভার স্থান : সম্মেলনকক্ষ, জেলা প্রশাসকের কার্যালয়, কুড়িগ্রাম।
বিবেচ্য মাস : জুন ২০২৪
উপস্থিতি : পরিশিষ্ট ‘ক’।

সভায় উপস্থিত সদস্যগণের নামের তালিকা : পরিশিষ্ট “ক” দৃষ্টব্য।

সভায় উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। বিগত সভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি এবং ২৩/৬/২০২৪ তারিখ অনুষ্ঠিত সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের অগ্রগতি বিষয়ে পর্যালোচনা করা হয়। অতঃপর এ মাসের আলোচ্যসূচি মোতাবেক ধারাবাহিকভাবে নিম্নোক্ত বিষয়সমূহের উপর বিস্তারিত আলোচনা অনুষ্ঠিত হয় এবং সর্বসম্মতিক্রমে সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

| ক্রঃনং | বিষয় ও আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|--------|--|---|---|
| ১ | গত সভার কার্যবিবরণী দৃষ্টিকরণ: সভার প্রারম্ভে ২৩/০৬/২০২৪ তারিখ অনুষ্ঠিত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয়। উপস্থিত সদস্যবৃন্দ গত সভার কার্যবিবরণী যথাযথভাবে লিপিবদ্ধ হয়েছে এবং কোন সংযোজন, বিয়োজন বা সংশোধনের প্রস্তাব নেই মর্মে অবহিত করেন। | কার্যবিবরণীতে কোন সংযোজন, বিয়োজন বা সংশোধনের প্রস্তাব না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃষ্টিকরণ করা হয়। | ১। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), কুড়িগ্রাম। ২। উপজেলা নির্বাহী অফিসার(সকল), কুড়িগ্রাম। ৩। সহকারী কমিশনার (ভূমি)(সকল), কুড়িগ্রাম। |
| ২ | উপজেলা ভূমি অফিস, ইউনিয়ন ভূমি অফিস ভবন মেরামত/সংস্কার সংক্রান্ত: অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), কুড়িগ্রাম জানান ২০২৩-২০২৪ অর্থবছরে উপজেলা ভূমি অফিস, পৌর ও ইউনিয়ন ভূমি অফিস পুনঃ নির্মাণ/মেরামত/সংস্কার করার বিষয়ে বিস্তারিত সভায় উপস্থাপন করেন। ভূমি মন্ত্রণালয়ের ১০ জানুয়ারি ২০২৪ তারিখের ৩১.০০.০০০০.০৩৮.২০.০২৪.২৩.০৪ নম্বর স্মারকে উপজেলা ভূমি অফিস, ইউনিয়ন ভূমি অফিস এবং পৌর ভূমি অফিস সমূহের মেরামত/সংস্কারের জন্য ১ম ও ২য় কিস্তি বাবদ সর্বমোট =২৪,৬১,৫৩৮/- (চব্বিশ লক্ষ একষট্টি হাজার পাঁচশত আটত্রিশ) টাকা ৪ (চার) টি উপজেলা ভূমি অফিস এবং ৫ (পাঁচ) টি ইউনিয়ন ভূমি অফিসসহ মোট ৯ (নয়) টি ভূমি অফিসের এবং ২৩ মে ২০২৪ তারিখের ৩১.০০.০০০০.০৩৮.২০. ০২৪. ২৩.৩৯ নম্বর স্মারকে ৩য় ও ৪র্থ কিস্তি বাবদ =২৪,৬১,৫৩৮/০০ (চব্বিশ লক্ষ একষট্টি হাজার পাঁচশত আটত্রিশ) টাকা বরাদ্দ পাওয়া গেছে। ভূমি মন্ত্রণালয় হতে উল্লিখিত পূর্তকর্মে ৩য় ও ৪র্থ কিস্তি বাবদ মঞ্জুরিকৃত =২৪,৬১,৫৩৮/০০ (চব্বিশ লক্ষ একষট্টি হাজার পাঁচশত আটত্রিশ) টাকা ২ (দুই) টি উপজেলা ভূমি অফিস ও ৯ (নয়) টি ইউনিয়ন ভূমি অফিস মেরামত/সংস্কার কাজের জন্য ব্যয় বিভাজন করা হয়। সভায় উপস্থিত উপজেলা নির্বাহী অফিসার, কুড়িগ্রাম ও সহকারী কমিশনার (ভূমি),কুড়িগ্রাম জানান প্রাপ্ত বরাদ্দ দ্বারা মেরামত/সংস্কার কাজের জন্য প্রযোজ্য বিধি মোতাবেক দরপত্র আহবান এবং ঠিকাদার নিয়োগ করা হয়। মেরামত/সংস্কার কাজসমূহ প্রযোজ্য বিধি অনুসরণ/ প্রতিপালনপূর্বক সংশ্লিষ্ট ঠিকাদার চূড়ান্ত বিল দাখিল করেন। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), কুড়িগ্রাম জানান সংশ্লিষ্ট সহকারী কমিশনার (ভূমি), কুড়িগ্রাম এর নিকট থেকে প্রত্যয়নসহ ঠিকাদার কর্তৃক দাখিলকৃত বিল প্রদান করা হয়েছে। | ২০২৩-২০২৪ অর্থবছরে মেরামত/সংস্কারযোগ্য উপজেলা ভূমি অফিস/পৌর ভূমি অফিস/ইউনিয়ন ভূমি অফিস এর ভবন মেরামত ও সংস্কারের নিমিত্ত প্রাপ্ত বরাদ্দ দ্বারা আর্থিক বিধি বিধান যথাযথভাবে অনুসরণ করা হয়েছে কি না তা পর্যালোচনা এবং মেরামত/সংস্কার এর ঠিকাদার কর্তৃক দাখিলকৃত বিল নিরীক্ষান্তে প্রদান করতে হবে। | ১। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), কুড়িগ্রাম ২। উপজেলা নির্বাহী অফিসার (সকল), কুড়িগ্রাম। ৩। সহকারী কমিশনার (ভূমি)(সকল), কুড়িগ্রাম। |

| ক্রঃ নং | বিষয় ও আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---------|--|---|---|
| ৩ | <p>জেলা ও উপজেলা মনিটরিং কমিটির সভা:</p> <p>কুড়িগ্রাম জেলায় নির্মিত উপজেলা ভূমি অফিস, পৌর ভূমি অফিস এবং ইউনিয়ন ভূমি অফিস নির্মাণ কাজের গুণগতমান নিশ্চিতকল্পে নির্মাণ কাজের তদারকি করার জন্য সমগ্র দেশে শহর ও ইউনিয়ন ভূমি অফিস নির্মাণ কাজের প্রকল্প পরিচালকের দপ্তর, ভূমি মন্ত্রণালয়, ঢাকার ২৯/০৮/২০১৮ তারিখের- ৩১.০০.০০০০.০৯০.১৪.০১৪. ১৭ ৪৯৯ নং স্মারক মোতাবেক ইতোপূর্বে জেলা ও উপজেলা মনিটরিং কমিটি গঠন করা হয় মর্মে অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), কুড়িগ্রাম সভায় অবহিত করেন। জেলা ও উপজেলা মনিটরিং কমিটির সভা প্রতিমাসে নিয়মিত করার নির্দেশনাও প্রদান করা হয়েছে। নির্মাণ কাজের গুণগত মান নিশ্চিতকরণের নিমিত্ত জেলা ও উপজেলা মনিটরিং কমিটির সদস্যগণকে নিয়মিত পরিদর্শন এবং প্রতিমাসে নির্মাণ কাজের অগ্রগতি বিষয়ে সভা করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হয়।</p> | <p>প্রত্যেকটি উপজেলা ভূমি অফিস/ পৌর ভূমি অফিস, ইউনিয়ন ভূমি অফিসের নির্মাণ/মেরামত/ সংস্কার কাজ জেলা ও উপজেলা মনিটরিং কমিটির সদস্যগণকে নিয়মিত পরিদর্শন করতে হবে এবং প্রতিমাসে নির্মাণ কাজের অগ্রগতি বিষয়ে সভা করে কার্যবিবরণী ভূমি মন্ত্রণালয়, ঢাকা এবং জেলা প্রশাসকের কার্যালয়, কুড়িগ্রাম এ প্রেরণ করতে হবে।</p> | <p>১। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), কুড়িগ্রাম। ২। উপজেলা নির্বাহী অফিসার (সকল), কুড়িগ্রাম। ৩। সহকারী কমিশনার (ভূমি)(সকল), কুড়িগ্রাম।</p> |

সভায় উপস্থিত সকল সদস্যগণের উপর্যুক্ত মতামত ও আলোচনার প্রেক্ষিতে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হলো:

| ক্রম | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|------|--|---|
| (১) | প্রত্যেকটি ইউনিয়ন ভূমি অফিসের নির্মাণ কাজ জেলা ও উপজেলা মনিটরিং কমিটির সদস্যগণকে নিয়মিত পরিদর্শন করতে হবে এবং প্রতিমাসে নির্মাণ কাজের অগ্রগতি বিষয়ে সভা করে সভার কার্যবিবরণী ভূমি মন্ত্রণালয়, ঢাকা এবং জেলা প্রশাসকের কার্যালয়, কুড়িগ্রাম এ প্রেরণ করতে হবে। | ১। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), কুড়িগ্রাম। ২। উপজেলা নির্বাহী অফিসার (সকল), কুড়িগ্রাম। ৩। রেভিনিউ ডেপুটি কালেক্টর, কুড়িগ্রাম। ৪। সহকারী কমিশনার (ভূমি)(সকল), কুড়িগ্রাম। |
| (২) | আগামী রাজস্ব সভার পূর্বেই ২০২৪-২০২৫ অর্থবছরে মেরামত/সংস্কারযোগ্য উপজেলা ভূমি অফিস/পৌর ভূমি অফিস /ইউনিয়ন ভূমি অফিস এর সংখ্যা ও প্রকৃত চাহিদা ও কার্যালয়ে প্রেরণ করতে হবে। | ১। সহকারী কমিশনার (ভূমি)(সকল), কুড়িগ্রাম। |

পরিশেষে আর কোন আলোচ্য বিষয় না থাকায় মাঠ পর্যায়ের ভূমি ব্যবস্থাপনা কার্যক্রম গতিশীল ও জনবান্ধব করার জন্য সর্বাধিক গুরুত্ব আরোপ করে সভায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

স্বাক্ষরিত/-
(উত্তম কুমার রায়)
জেলা প্রশাসক (রুটিন দায়িত্ব)
কুড়িগ্রাম
ও
সভাপতি
“সমগ্র দেশে শহর ও ইউনিয়ন ভূমি অফিস নির্মাণ প্রকল্প”
এর আওতায় ইউনিয়ন ভূমি অফিস নির্মাণ কাজের
জেলা মনিটরিং কমিটি।

স্মারক নম্বর-৩১.৪৭.৪৯০০.০০৬.০৫.০২২.১৮.৯০১

তারিখ : ১৫ শ্রাবণ, ১৪৩১
৩০ জুলাই, ২০২৪

অনুলিপি সদয় অবগতি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)/অবগতি ও কার্যার্থে (প্রযোজ্য ক্ষেত্রে):

- ১। সচিব, ভূমি মন্ত্রণালয়, ঢাকা।
- ২। সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, ঢাকা।
- ৩। চেয়ারম্যান, ভূমি সংস্কার বোর্ড, ঢাকা।
- ৪। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।
- ৫। নির্বাহী প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, কুড়িগ্রাম।
- ৬। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), কুড়িগ্রাম।
- ৭। উপজেলা নির্বাহী অফিসার,.....(সকল), কুড়িগ্রাম।
- ৮। রেভিনিউ ডেপুটি কালেক্টর, কুড়িগ্রাম।
- ৯। সহকারী কমিশনার (ভূমি),.....(সকল)কুড়িগ্রাম।
- ১০। সহকারী কমিশনার (আইসিটি), জেলা প্রশাসকের কার্যালয়, কুড়িগ্রাম (কার্যবিবরণীটি জেলা ওয়েব পোর্টালে প্রকাশের অনুরোধসহ)।
- ১১। অফিস কপি।

জেলা প্রশাসক (রুটিন দায়িত্ব)
কুড়িগ্রাম

